আজকের কাগজ

তারিখ 12 OCT 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫

### দেশে বর্তমানে শিক্ষার হার ২৪%

# সবার জন্যে শিক্ষা বাস্তবায়নে সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছে

**কাজী আবুবকর সিদ্দিকী :** দু'হাজার সালের মধ্যে সবার জন্যে শিক্ষা নিশ্চিত করতে সরকার সম্প্রতি 'প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ' নামে একটি নতুন বিভাগ গঠন করেছেন। নবগঠিত এই বিভাগ সরাসরি প্রধানমন্ত্রীর নিয়ন্ত্রনাধীনে থাকবে। মন্ত্রী পরিষদ বিভাগের এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। বর্তমানে এই বিভাগের অধীনে শিক্ষা কার্যক্রম কিভাবে পরিচালিত হবে তা নির্ধারণে আলোচনা চলছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানায়, চতুর্থ ও পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় ৫টা কোর আছে। বর্তমানে দেশে শিক্ষার হার ২৪ শতাংশ। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ চালু হলে দু'হাজার সালের মধ্যে শিক্ষার হার ৪৫ শতাংশে উন্নীত হবে বলে আশা করা হচ্ছে। এই লক্ষ্যকে সামনে রেখে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কার্যক্রম চালিয়ে যাবে।

সূত্র জানায়, এই বিভাগের কার্যক্রম বাস্তবায়িত করার জন্যে বিদেশী সাহায্যপুষ্ট এনজিওদের সংযুক্ত করার চিন্তা-ভাবনা চলছে।

বিশ্বব্যাংক সংশিষ্ট মন্ত্রণালয়কে এ ধরনের পরামর্শ দিয়েছে বলে অন্য একটি সূত্র জানিয়েছে। বিশেষ করে যেসব এনজিও গ্রাম পর্যায়ে শিক্ষা প্রসারে কাজ করেছে, সেসব এনজিও'র সহায়তা নেয়া হতে পারে।

সূত্র জানায়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রধান কার্যালয়ে কর্মকর্তা-কর্মচারির পদ সৃষ্টি করা হবে ৬১টি। এসব পদে কর্মকর্তা-কর্মচারি নিয়োগের পর কার্যক্রম শুরু করা হবে। এ পদ পুরণে নতুন নিয়োগ দেয়া হবে নাকি বিভিন্ন দপ্তরে কর্মরত ব্যক্তিদের বদলি করে এনে পদ পূরণ করা হবে তা এখনো চূড়ান্ত হয়নি।

সূত্র জানায়, শিক্ষা প্রদানের পদ্ধতি নির্ধারণে বর্তমানে চিন্তা-ভাবনা চলছে। প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময়কার মতো রাতে শিক্ষা কার্যক্রম চালানো হবে নাকি দিনে হবে সে বিষয়টি নিয়ে আলোচনা চলছে। রাতে হলে গ্রাম পর্যায়ের গরীব শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণে কতোটুকু উৎসাহী হবে সে বিষয়টিও পর্যালোচনা করা হচ্ছে।